



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ ডাক বিভাগ  
ডাক অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।  
www.bdpost.gov.bd



ডাক অধিদপ্তরের স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা ও প্রকাশের মাধ্যম

ক্রম	তথ্যের বিবরণ	তথ্য প্রকাশের মাধ্যম
১.	ডাক অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো ও কার্যক্রমের বিবরণ, কার্যপ্রণালী এবং দায়িত্বসমূহ	নোটিশ বোর্ড, ওয়েবসাইট
২.	ডাক অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষমতা ও দায়িত্ব	নোটিশ বোর্ড, ওয়েবসাইট
৩.	সিদ্ধান্ত গ্রহণের পদ্ধতি, জবাবদিহিতা এবং তত্ত্বাবধানের মাধ্যম	নোটিশ বোর্ড, ওয়েবসাইট
৪.	ডাক অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীর তথ্য	নোটিশ বোর্ড, ওয়েবসাইট
৫.	কার্যসম্পাদনের জন্য ডাক অধিদপ্তরে রক্ষিত ও ব্যবহৃত আইন, বিধি-বিধান, নির্দেশনা ম্যানুয়েল, ডকুমেন্ট এবং রেকর্ড	নোটিশ বোর্ড, ওয়েবসাইট
৬.	ডাক অধিদপ্তরের বাজেট/সকল পরিকল্পনার ধরণ চিহ্নিতকরণ, প্রস্তাবিত খরচ এবং প্রকৃত ব্যয়ের উপর তৈরি প্রতিবেদন	নোটিশ বোর্ড, ওয়েবসাইট
৭.	নাম, পদবী, ঠিকানা, ফোন নম্বর এবং প্রয়োজ্য ক্ষেত্রে ফ্যাক্স সংশ্লিষ্ট নম্বর ও ই-মেইল ঠিকানাসহ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম	নোটিশ বোর্ড, ওয়েবসাইট
৮.	পদবী, ঠিকানা, ফোন নম্বর এবং প্রয়োজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানাসহ বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তালিকা	সংশ্লিষ্ট নোটিশ বোর্ড, ওয়েবসাইট/গণমাধ্যম ইত্যাদি
৯.	নাম, পদবী, ঠিকানা, ফোন নম্বর এবং প্রয়োজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানাসহ আপিল কর্তৃপক্ষের তালিকা	নোটিশ বোর্ড, ওয়েবসাইট/ গণমাধ্যম ইত্যাদি
১০.	তথ্য কমিশন ও কমিশনারদের নাম, পদবী, ঠিকানার বিস্তারিত বিবরণ	ওয়েবসাইট/গণমাধ্যম ইত্যাদি
১১.	তথ্যের জন্য নাগরিকের কাছ থেকে প্রাপ্ত আবেদন পত্রের অনুলিপি, যার মধ্যে নিম্নোক্ত তথ্যসমূহ অন্তর্ভুক্ত থাকবে; (ক) যে কর্তৃপক্ষ কর্তৃক অনুরোধ পত্রটি গৃহীত হয়েছে তার নাম; (খ) কী তথ্যের জন্য অনুরোধ করা হয়েছে; (গ) অনুরোধের তারিখ।	গৃহীত আবেদন পত্রের একটি কপি ডাক অধিদপ্তরের, ইন্টারনেটে, পরিদর্শনের জন্য অফিসে রক্ষিত থাকবে
১২.	সরকার/কর্তৃপক্ষ কর্তৃক সম্পাদিত- (ক) সকল উন্নয়ন/পূর্তকাজ/প্রকল্প সংক্রান্ত চুক্তি; (খ) প্রত্যেক চুক্তির সংক্ষিপ্ত বিবরণ, প্রাক্কলিত ব্যয়/চুক্তির মেয়াদকাল ইত্যাদি।	যে এলাকায় পূর্ত কাজ সম্পাদিত হবে সে এলাকার এমন সব স্থানে, যা সেই এলাকার জনগণের কাছে সহজে দৃষ্টিগোচর হয় যেমন গণগ্রন্থাগার, শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয় বা সামাজিক প্রতিষ্ঠান এবং ধরনের অন্য স্থান

চাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তথ্যের তালিকা

নিম্নলিখিত তথ্যসমূহ জনগণের চাহিদার ভিত্তিতে প্রদান করা হবে:

- স্বপ্রণোদিতভাবে প্রকাশিত তথ্য;
- বিভিন্ন নীতি;
- অধিদপ্তরের বাজেট;
- আর্থিক তথ্য, যেমন আয়/ব্যয় সংক্রান্ত হিসাব বিবরণী;
- ক্রয় কার্যক্রম সংক্রান্ত তথ্য (সিদ্ধান্ত গ্রহণের পর);

- উপকারভোগীর তালিকা;
- মাস্টাররোল;
- বিভিন্ন প্রশাসনিক রেজিস্টার খাতা;
- অডিও-ভিজুয়াল ডকুমেন্ট;
- নিয়োগ/বদলির আদেশ;
- দেশে বা বিদেশ ভ্রমণ সংক্রান্ত তথ্যাদি;
- প্রদান বাধ্যতামূলক নয় এমন তথ্য ব্যতীত অন্য সকল তথ্য।

#### প্রদান বাধ্যতামূলক নয়, এমন তথ্যের তালিকা

নিম্নলিখিত তথ্যসমূহ প্রদান ও প্রকাশ করতে কর্তৃপক্ষ বাধ্য থাকবে না-

- কোন তথ্য প্রকাশের ফলে বাংলাদেশের নিরাপত্তা, অখন্ডতা ও সার্বভৌমত্বের প্রতি হুমকি হতে পারে এইরূপ তথ্য;
- কর্মী ও উপকারভোগীর ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুণ্ণ হয়, এরূপ তথ্য;
- বিচারাধীন বিভাগীয় মামলার তথ্য যা ঐ মামলার সুষ্ঠু বিচারকার্যকে ব্যাহত করতে পারে, এরূপ তথ্য;
- তদন্তনাধীন বিষয় সংশ্লিষ্ট কোন তথ্য, যার প্রকাশ তদন্ত কাজে বিঘ্ন ঘটাতে পারে;
- কোনো ক্রয় কার্যক্রমের বিষয়ে সিদ্ধান্ত নেয়ার আগে সংশ্লিষ্ট ক্রয় বা এর কার্যক্রম সংক্রান্ত কোন তথ্য;
- গবেষণার সূত্র বা কৌশল বা কারো বুদ্ধিবৃত্তিক সম্পদের অধিকার ক্ষতিগ্রস্ত হতে পারে এরূপ তথ্য;
- নিয়োগ ও পদোন্নতি পরীক্ষাসহ সকল পাবলিক পরীক্ষার প্রশ্নপত্র ও পরীক্ষার ফলাফল সংক্রান্ত আগাম তথ্য ইত্যাদি।

\*\*\* (প্রোগ্রামার, সেন্ট্রাল আইসিটি সেল, ডাক অধিদপ্তর, ঢাকা-কে ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)